রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৬, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১২৫—১৪২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৩১—৩৪৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৩—৪২৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৩ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, পেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............. তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ অগ্রহায়ণ ১৪২০/২০ নভেম্বর ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৪.১৩-৪৫৮**—যেহেতু, ডা. এ. এম. পারভেজ রহিম (৬০০৮), উপ-পরিচালক (উপসচিব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং প্রাক্তন সহকারি কমিশনার (ভূমি), কুমারখালী, কুষ্টিয়া এর বিরুদ্ধে অভিযোগ হল, সহকারি কমিশনার (ভূমি) হিসেবে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলায় কর্মরত থাকাকালীন জনৈক মোঃ আব্দুর রহিম শেখ এর বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত জেলা দুর্নীতি দমন কর্মকর্তা, কুষ্টিয়া বরাবর উপজেলা খাসজমি বন্দোবস্ত কেস নং ১০০/XII/৯৯-২০০০ এর মাধ্যমে খাস জমি বন্দোবস্তের বিষয়ে মিথ্যা অভিযোগ দায়ের করে নিয়ম বহির্ভূত কাজ করা ও চাকুরির শৃঙ্খলা ভঙ্গ করা, তাঁর দায়েরকৃত অভিযোগে সরকারি খাস জমি বন্দোবস্ত গ্রহীতা জনৈক আব্দুর রহিম শেখ কেশবপুর মৌজার ৫৮, ১৩৬, ২৭, ৫৯, ৬৫, ৬৭, ৯৮, ৮০, ৯৫ নং খতিয়ানে বিপুল পরিমাণ জোত জমার মালিক বলে অসত্য তথ্য উল্লেখ করা, বন্দোবস্ত প্রদানকৃত ০.২৯ শতক জমির মূল্য সাব-রেজিস্ট্রার, কুমারখালী, কুষ্টিয়া এর প্রতিবেদনে ৫৫১০ (পাঁচ হাজার পাঁচ শত দশ) টাকা বলা হলেও তাঁর দাখিলকৃত প্রতিবেদনে উক্ত ০.২৯ শতক জমির মূল্য আনুমানিক ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা মর্মে উল্লেখ করা, খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার আলোকে দায়িত্ব পালন না করে কৃষি খাস জমি বন্দোবস্তের বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের ৪নং শাখার ২৫ সেপ্টেম্বর ১৯৯৮ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বাংলাদেশ গেজেটের ১ এর (গ) অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ না করা, খাস জমি বন্দোবস্ত নথি ত্রুটিপূর্ণ প্রতীয়মান

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

হওয়ার পরও বিধি অনুযায়ী উপজেলা খাস জমি বন্দোবস্ত কমিটির মাধ্যমে জেলা খাস জমি বন্দোবস্ত কমিটিতে প্রেরণ না করে তাঁর দায়িত্বে ও কর্তব্যে অবহেলা করেছেন। অভিযুক্ত কর্মকর্তার এরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর দায়ে শাস্তিযোগ্য অপরাধ বিধায় তাঁর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৭(এ) বিধি অনুসারে অভিযোগ গঠনপূর্বক অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-৬-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০২৩.১১-২৪১ নম্বর স্মারকযোগে তাঁর কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৭-৬-২০১৩ তারিখ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গ্রহণ করেও আত্মপক্ষ সমর্থনে নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগনামার লিখিত জবাব প্রদান করেননি বা জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিকরণের জন্যও কোন আবেদন প্রেরণ করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) অনুযায়ী বেগম শামীমা ইয়াছমিন (৫২৩০), যুগ্মসচিব (সংযুক্ত), তদন্ত-১, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তা জনাব ডা. এ. এম. পারভেজ রহিম (৬০০৮) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ এর (এফ) বিধির সংজ্ঞানুযায়ী দায়িত্ব ও কর্তব্যে অবহেলার কারণে একই বিধিমালার ৩(বি) বিধির "অসদাচরণ (Misconduct)" এর দায়ে দোষী মর্মে উল্লেখ করেছেন; এবং

যেহেতু, মামলার অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সাক্ষ্য প্রমাণসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় ডা. এ. এম. পারভেজ রহিম (৬০০৮) এর বিরুদ্ধে সহকারি কমিশনার (ভূমি) হিসেবে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলায় দায়িত্ব পালনকালে খাসজমি বন্দোবস্ত নথিতে অনিয়মের বিষয়টি দৃষ্টিগোচর হওয়া সত্ত্বেও বর্ণিত বন্দোবস্ত বাতিলের জন্য উপজেলা কৃষি খাসজমি বন্দোবস্ত কমিটির সদস্য-সচিব হিসেবে উক্ত কমিটির সভায় বিষয়টি উত্থাপন না করা বা অন্য কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ না করার অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, ডা. এ. এম. পারভেজ রহিম (৬০০৮) এর চাকুরীর অভিজ্ঞতা ও অপরাধের গুরুত্ব ইত্যাদি সার্বিক পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৪(২)(এ) বিধি অনুযায়ী তাঁকে "তিরস্কার (Censure)" সূচক লঘুদণ্ডে দণ্ডিত করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

## অর্থ মন্ত্রণালয়
## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## বীমা শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ নভেম্বর ২০১৩

**নং ৫৩.০০৫.০১১.০০.০০.০৫৫.২০০৯-৪৩৭**—"The Insurance Corporation Act, 1973" এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব অমলেন্দু মুখার্জী-কে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে আগামী ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ ফিরোজ উদ্দিন খলিফা**
সিনিয়র সহকারী সচিব।

## পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ ডিসেম্বর ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২০.২০০৮-৪৯৫**—জনতা ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association-এর বিধান মোতাবেক জনাব মোঃ মাহাবুবুর রহমান হিরণ-কে জনতা ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রফিকুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৩

**আদেশ**

তারিখ, ২৭ নভেম্বর ২০১৩

**নং ৬৮৪ বিচার-৩/১ডি-১৮/২০০৮**—যেহেতু, নোয়াখালীর সাবেক যুগ্ম জেলা জজ বর্তমানে লালমনিরহাটের যুগ্ম জেলা জজ জনাব এম, এ, আউয়াল সরকারের বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনয়নপূর্বক ১৮/২০০৮ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করতঃ কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব এম. এ. আউয়াল সরকার উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব এম. এ. আউয়াল সরকারের বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব এম, এ. আউয়াল সরকার-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে তাঁকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারি ( শৃংখলা ও আপীল)

বিধিমালার ৪(৩)(এ) বিধি মোতাবেক নিম্নপদে অর্থাৎ যুগ্ম জেলা জজ হতে সিনিয়র সহকারী জজ পদে অবনমিত করে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করেন; এবং

যেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাঁকে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করার জন্য পরামর্শ প্রদান করেছেন;

যেহেতু, কর্তৃপক্ষ জনাব এম. এ. আউয়াল সরকার-কে ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি অনুযায়ী কেন চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবেনা সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জনাব প্রদান করতে পারেননি;

যেহেতু, জনাব এম. এ. আউয়াল সরকার-কে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন প্রদান করেছেন;

এক্ষণে সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ ও মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে নোয়াখালীর সাবেক যুগ্ম জেলা জজ বর্তমানে লালমনিরহাটের যুগ্ম জেলা জজ জনাব এম. এ. আউয়াল সরকার-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪(৩)(বি) বিধি মোতাবেক বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করা হল।

এরূপ বাধ্যতামূলক অবসরদানের ফলে তিনি বিধি মোতাবেক সকল প্রকার আর্থিক সুবিধাদি পাবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ২১ নভেম্বর ২০১৩

**নং আর-৬/৪ডি-০৭/২০১৩-৪৬৩**—যেহেতু, আপনি সাব-রেজিস্ট্রার, সদর মেহেরপুর (সাবেক সাব-রেজিস্ট্রার, গাংগী, মেহেরপুর), সদর উপজেলায় কর্মরত থাকা অবস্থায় সরকারি দায়িত্ব পালনকালে সরকারি সম্পত্তি ব্যক্তি নামে রেজিস্ট্রী করেছেন মর্মে জেলা রেজিস্ট্রার ও জেলা প্রশাসক এর তদন্তে প্রমাণিত হয়; এবং

যেহেতু, সরকারের অর্পিত সম্পত্তি ব্যক্তি মালিকায় হস্তান্তরের দলিলসমূহ রেজিস্ট্রী করে সরকারি স্বার্থ ক্ষুণ্ন করেছেন; এবং

যেহেতু, মেহেরপুর জেলার সদর উপজেলার ১২টি দলিল যথাক্রমে ৪৪৮২, তারিখ ৫-৬-২০১২; ৪৪৮৩, তারিখ ৫-৬-২০১২; ৫৪৭২, তারিখ ২-৭-২০১২; ৬০৫৯, তারিখ ১৬-৭-২০১২; ৬২৯০, তারিখ ২৪-৭-২০১২; ৭৩০৬, তারিখ ৯-৯-২০১২; ৭৯৮৮, তারিখ ২-১০-২০১২; ৮২৬০, তারিখ ১১-১০-২০১২; ৮৯৬০, তারিখ ৭-১১-২০১২; ৯০২৭, তারিখ ১১-১১-২০১২; ৯২০১, তারিখ ১৪-১১-২০১২ এবং ৮৩১৩, তারিখ ১৪-১০-২০১২ দলিলসমূহে সরকারি সম্পত্তি ব্যক্তি মালিকানায় রেজিস্ট্রী করে সরকারি স্বার্থ ক্ষুণ্ন করেছেন; এবং

যেহেতু, ৭৬৩৯/২০১০ নং দলিলে সংশোধিত রেজিস্ট্রেশন আইন, ২০০৪ এর ৫২(এ) ধারা লঙ্ঘন করেছেন; এবং

যেহেতু, জেলা রেজিস্ট্রার, মেহেরপুর ও জেলা প্রশাসক, মেহেরপুর এর তদন্তে উত্থাপিত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যাওয়ায়; এবং

যেহেতু, উক্ত রূপ কার্যকলাপ ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক না হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে প্রতিবেদন দাখিল করেছেন; এবং

সেহেতু, এক্ষণে জনাব মোঃ আব্দুর রশিদ মন্ডল, সাব-রেজিস্ট্রার (বরখাস্তকৃত), সদর মেহেরপুর (সাবেক সাব-রেজিস্ট্রার, গাংনী, মেহেরপুর) কে ১৯৮৫ সনের সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১১(১) বিধি মোতাবেক আপনার বরখাস্ত আদেশ প্রত্যাহার করাসহ আপনার বরখাস্তকালীন সময়কে চাকুরীতে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

**নং আর-৬/১এম ০১/২০১৩-৪৬৪**—যেহেতু, মহামান্য রাষ্ট্রপতির সচিবালয়, জনবিভাগ, ঢাকা এর ৯-২-১৯৮৯ তারিখের রাস/জানি(দুদ)ঢা-১(৩১)/ঢাকা/৮৮-১৪৩৪৫(৪৫) নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসী নীতি শাখার ১৯-১-২০১২ তারিখের ০৪.০০.০০০০.৫২১.০৪.০০৩.১২-২২ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক রমনা মডেল (ডিএমপি) থানা মামলা নং-২৯, তারিখ ১৫-৪-২০১২ এ তদন্ত শেষে দুর্নীতি দমন কমিশনের অনুমোদনক্রমে আপনার বিরুদ্ধে চার্জশীট নং ৬১৮, তারিখ ৩১-১২-২০১২ বিজ্ঞ আদালতে দাখিল করা হয়; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক আপনাকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, উক্ত মামলাটি বিজ্ঞ বিশেষ জজ আদালত নং-১০, ঢাকায় বিশেষ মামলা নং ৫/২০১৩ নং ভুক্ত হয়ে বিচারাধীন থাকে; এবং

যেহেতু, বিশেষ জজ আদালত-১০, ঢাকা এর বিশেষ মামলা নং ৫/২০১৩ এর রায়ে আপনাকে মামলার উত্থাপিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হয়; এবং

সেহেতু, এক্ষণে জনাব খন্দকার সাহিদুজ্জামান, জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত), কিশোরগঞ্জ (প্রাক্তন সাব-রেজিস্ট্রার, সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ) কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ১১(১) বিধি মোতাবেক তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করাসহ তাঁর বরখাস্তকালীন সময়কে চাকুরীতে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

**আদেশাবলী**

তারিখ, ২৭ নভেম্বর ২০১৩

**নং আর-৬/৭এন-১১৪/২০১৩-৮১৬**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম, পিতা মরহুম জনাব মোহাম্মদ সিরাজুল ইসলামকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১২৬/২০১৩-৮১৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বগুড়া জেলার আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব এস, এম, সাঈদ আখতার, পিতা মরহুম জনাব এস, এম মোবারক আলীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটর্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২৮ নভেম্বর ২০১৩

**নং আর-৬/৭এন-১৩১/২০১৩-৮১৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলার আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব সেলিম রহমান, পিতা জনাব ফালু মিয়াকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটরীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটরী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আমির উদ্দিন**
উপসচিব (মতামত-৩)
ও
উপ-সচিব (প্রশাসন)(অতিঃ দায়িত্ব)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৮ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৪৬/২০১২-১৫৯৩**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মুহাম্মদ জাকারিয়া, পিতা মুহাম্মদ হুমায়ুন কবীর, মাতা মোছাঃ খাদিজা বেগম, এইচ-৯১, বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১৩ কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে ঢাকা সিটি কর্পোরেশনের ১৯ নং ওয়ার্ডের বনানী ও কড়াইল নতুন অধিক্ষেত্র এলাকার অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ২১ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-১১৬/৮৭(অংশ-২)-১৬৫৫**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোহাম্মদ আশ্রাফুদ্দৌলা, পিতা মোহাম্মদ সিরাজুদ্দৌলা, মাতা জেবান্নুর বেগম, গ্রাম ১৫ নং মাইট ভাঙ্গা ৫নং ওয়ার্ড, পোঃ শিবেরহাট, উপজেলা সন্দ্বীপ, জেলা চট্টগ্রাম-কে কোন

আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে চট্টগ্রাম জেলার সন্দীপ উপজেলার ১৫নং মাইট ভাঙ্গা ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ২৪ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৭০/২০১৩-১৬৬৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব নিরাঞ্জন চন্দ্র বিশ্বাস, পিতা মৃত জুরান চন্দ্র বিশ্বাস, মাতা মিলন রাণী বিশ্বাস, গ্রাম সখিপুর (মন্দিরপাড়া) ৭নং ওয়ার্ড সখিপুর পৌরসভা, ডাকঘর+উপজেলা সখিপুর, জেলা টাঙ্গাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলার সখিপুর পৌরসভা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৬৪/২০১৩-১৬৭৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব রমা রানী রায়, পিতা মৃত প্রমথ নাথ রায়, মাতা মৃত রেনু কনা রায়, স্বামী রবীন্দ্র নাথ বিশ্বাস, সাং মহিষখোলা, নড়াইল শহর, পোঃ নড়াইল-৭৫০০, উপজেলা+জেলা নড়াইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নড়াইল জেলার নড়াইল পৌরসভা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৬০/২০১৩-১৬৭৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মিলন চন্দ্র সরকার, পিতা মৃত যোগেশ চন্দ্র সরকার, গ্রাম পূর্বশিববাড়ী, ডাকঘর উলিপুর, উপজেলা উলিপুর, জেলা কুড়িগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উলিপুর উপজেলার উলিপুর পৌরসভাসহ ধামশ্রেণী তবকপুর, হাতিয়া, বুড়াবুড়ি, বেগমগঞ্জ ও সাহেবের আলগা ইউনিয়ন এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৭৮/২০১৩-১৬৭৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব দেবব্রত পাল, পিতা হরিপদ পাল, গ্রাম শাহী মসজিদ রোড, ডাকঘর+উপজেলা চাটমোহর, জেলা পাবনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার চাটমোহর উপজেলা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**আল আসাদ মোঃ আসিফুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব (অঃদাঃ)।

## আদেশাবলী

তারিখ, ২৫ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৪৫/২০১৩-১৬৮২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব নন্দরাজ রায়, পিতা ভবেশ চন্দ্র রায়, মাতা প্রমিলা রানী রায়, গ্রাম পূর্ব কুর্শা, ডাকঘর ও উপজেলা তারাগঞ্জ, জেলা রংপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর জেলার তারাগঞ্জ উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৪৫/২০১৩-১৬৮৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব চন্দনা রানী ভট্টাচার্য্য, পিতা অমল কুমার ভট্টাচার্য্য, মাতা শিপ্রা ভট্টচার্য্য, বাড়ী নং ৪৮৩, ডুয়ার্স লেন, কামাল কাছনা, রোড নং ১/৫, জি, এল, রায় রোড, রংপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের ২৪ ও ২৫ নং ওয়ার্ড এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৪৫/২০১৩-১৬৮৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব স্বপন কুমার সরকার, পিতা মৃত লক্ষী কান্ত সরকার, মাতা মৃত শ্রীমতী রানী রায়, গ্রাম দেওডোবা ডাঙ্গীর পাড়, পোঃ বড়বাড়ী, থানা কোতয়ালী, জেলা রংপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের ১৪-১৫ নং ওয়ার্ড এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৪৫/২০১৩-১৬৮৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব গিরীজা শংকর চক্রবর্তী, পিতা স্বর্গীয় গণেশ চন্দ্র চক্রবর্তী, মাতা প্রভাতী চক্রবর্তী, বর্তমান ঠিকানা করুনাময়ী কালীবাড়ী, নবাবগঞ্জ বাজার, তালতলা রোড, রংপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের ২২-২৩ নং ওয়ার্ড এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৫৬/৭২(অংশ-১)-১৬৮৬**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ শাহজাহান, পিতা মোঃ আব্দুর রহমান, মাতা জোবেদা খাতুন, গ্রাম ইকলিমপুর, ডাকঘর চতরা, উপজেলা পীরগঞ্জ, জেলা রংপুর-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে রংপুর জেলার পীরগঞ্জ থানাধীন ১৪নং চতরা ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-১৪/২০০৩-১৬৮৭**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ আবুল হাশেম, পিতা মোঃ আব্দুল মজিদ, মাতা মোছাঃ আনোয়ারা বেগম, গ্রাম বাঁকা মাঠপাড়া (আলীপুর), ডাকঘর+উপজেলা জীবননগর, জেলা চুয়াডাঙ্গা-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার নবগঠিত ৪নং বাঁকা ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-৩৬/২০১৩-১৬৮৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব অখিল চন্দ্র সরকার, পিতা মৃত নরেন্দ্র চন্দ্র সরকার, মাতা কমলা রানী সরকার, গ্রাম শোলাহাটী, পোঃ হাটুরিয়াচালা, উপজেলা কালিয়াকৈর, জেলা গাজীপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮০/২০১৩-১৬৮৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব গৌতম কুমার সাহা, পিতা মৃত বিনয় কৃষ্ণ সাহা, মাতা সাধানা রানী সাহা, গ্রাম ও ডাকঘর বাজার ভদ্রঘাট, উপজেলা কামারখন্দ, জেলা সিরাজগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৭০/২০১৩-১৬৯০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব নয়ন চন্দ্র গুহ রায়, পিতা মৃত নিধীর চন্দ্র গুহ রায়, মাতা গৌরী রানী গুহ রায়, গ্রাম পলশিয়া, ডাকঘর নগদা শিমলা, উপজেলা গোপালপুর, জেলা টাঙ্গাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার গোপালপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৭০/২০১৩-১৬৯১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মিহির কুমার ভট্টাচার্য্য, পিতা মহাদেব ভট্টাচার্য্য, গ্রাম ও ডাকঘর ও উপজেলা কালিহাতি, জেলা টাঙ্গাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৬ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-১০৬/৭৮-১৭১৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ বায়োজিদ হাসান, পিতা মোঃ আব্দুল আজিজ, মাতা তাছলিমা বেগম, গ্রাম পশ্চিম কলেজ রোড, নিউমার্কেট, ৬নং ওয়ার্ড, মঠবাড়িয়া পৌরসভা, উপজেলা মঠবাড়িয়া, জেলা পিরোজপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা

নির্ধারিত পদ্ধতিতে পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার মঠবাড়িয়া পৌরসভার ৬নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১/৮৯-১৭১৮**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ আশিকুর রহমান, পিতা মোঃ জনাব আলী, গ্রাম শেওটগাড়ী, ডাকঘর শেওটগাড়ী, উপজেলা ডোমার, জেলা নীলফামারী-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে নীলফামারী জেলার ডোমার উপজেলার ১০ নং হরিণচড়া ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-১/৮৯-১৭১৯**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ সাজ্জাদ হোসাইন, পিতা কাজী মোঃ মকবুল হোসেন, গ্রাম দক্ষিণ মটুকপুর, ডাকঘর বোড়াগাড়ী, উপজেলা ডোমার, জেলা নীলফামারী-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে নীলফামারী জেলার ডোমার উপজেলার ৬নং পাঙ্গা মটুকপুর ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ২৭ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৭৮/২০১৩-১৭২৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সন্তোষ কুমার হালদার, পিতা মৃত স্বর্বানন্দ হালদার, গ্রাম সিংগা, ডাকঘর ও উপজেলা ও জেলা পাবনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার সদর উপজেলা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৫১/২০১৩-১৭২৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব নয়ন চন্দ্র, পিতা রনজিৎ চন্দ্র, মাতা মায়া রাণী, গ্রাম চেঙ্গরিয়া, ডাকঘর চৈতাজানী, উপজেলা ঝিনাইগাতী, জেলা শেরপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**পাট-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ নভেম্বর ২০১৩

**নং ২৪.০০.০০০০.১১৯.০৬.০১০.১২-২৫৫**—বিজেএমসির নিয়ন্ত্রণাধীন খালিশপুর জুট মিলস লিঃ, জাতীয় জুট মিলস লিঃ, দৌলতপুর জুট মিলস লিঃ, কে,এফ,ডি পুনরায় চালুর জন্য মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন করেন। মিলসমূহের এন্টারপ্রাইজ বোর্ড পুনঃগঠনের নিমিত্তে বাংলাদেশ পাটকল (এন্টারপ্রাইজ) প্রবিধি-১৯৭৭ অনুযায়ী উক্ত পাটকলসমূহের এন্টারপ্রাইজ বোর্ড নিম্নরূপে গঠন করা হলো ঃ

